



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট
তথ্য মন্ত্রণালয়

অস্থায়ী কার্যালয়: জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট,
১২৫/এ, দারুস সালাম, এ. ডব্লিউ. চৌধুরী রোড, ঢাকা-১২১৬

ওয়েবসাইট: www.bcti.gov.bd ই-মেইল: bctibd2013@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণযোগাযোগ অধিদপ্তর
মহাপরিচালক
পরিচালক (প্রশাসন ও অর্থ)
পরিচালক (কারিগরি ও প্রশিক্ষণ)
পরিচালক (প্রচার ও সমন্বয়)
স্বাক্ষর নং- ২০২৫
তারিখঃ ০৯/০১/২০২০

নথি নং- বাচটেই-১৯১/প্রশা/বঙ্গবন্ধু স্মারক গ্রন্থ/২০১৯/১৬৪৫৬(১০) তারিখঃ ০৭ জানুয়ারি, ২০২০

HA

০৭/০১/২০২০
১২:৫২ PM

বিষয়ঃ গণমাধ্যমে বঙ্গবন্ধুর সংশ্লিষ্টতা ও অবদানকে উপজীব্য করে প্রকাশিতব্য স্মারক গ্রন্থের জন্য লেখা আহ্বান সংক্রান্ত বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট (বিসিটিআই) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে বাংলাদেশের গণমাধ্যম বিকাশে বঙ্গবন্ধুর সংশ্লিষ্টতা ও অবদানকে উপজীব্য করে একটি স্মারক গ্রন্থ প্রকাশ করতে যাচ্ছে।

স্মারক গ্রন্থটি প্রকাশের নিমিত্তে সংশ্লিষ্ট বিষয়ে লেখা আহ্বান করে প্রদেয় বিজ্ঞপ্তিটি আপনার দপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে। ব্যাপক প্রচারের মাধ্যমে কাজিত বিষয়ে লেখা সংগ্রহের ক্ষেত্রে আপনার সহযোগিতা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

০৭/০১/২০২০

(ড. মহিউদ্দীন আহমেদ)

প্রধান নির্বাহী (অতিরিক্ত দায়িত্ব)

ও

অতিরিক্ত সচিব, তথ্য মন্ত্রণালয়

ফোন: ৫৫০৭৯৩৪০, ফ্যাক্স: ০২-৫৫০৭৯৩৪৫

মহাপরিচালক

গণযোগাযোগ অধিদপ্তর

তথ্য মন্ত্রণালয়, ঢাকা।

গণযোগাযোগ অধিদপ্তর

তথ্য ভবন।

নং ১৫.৫৬.২৬৬৬.০০১.৯৯.১১২.১৮-

২৬০(৭২)

তারিখ: ০৭.০১.২০২০খ্রি.

উপর্যুক্ত বিষয়টি অবগতি ও কার্যার্থে (প্রয়োজ্য ক্ষেত্রে) নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

- ১। পরিচালক (প্রশাসন ও অর্থ/প্রচার ও সমন্বয়/কারিগরি ও প্রশিক্ষণ), গণযোগাযোগ অধিদপ্তর, তথ্য ভবন, ঢাকা।
- ২। উপপরিচালক/সিনিয়র তথ্য অফিসার/তথ্য অফিসার, জেলা তথ্য অফিস.....(সকল)
- ৩। সহকারী তথ্য অফিসার, তথ্য অফিস, লামা/কাপ্তাই/রামগড়/পটিয়া।
- ৪। সহকারী রক্ষণাবেক্ষণ তত্ত্বাবধায়ক (ডিপ্লোমা), গণযোগাযোগ অধিদপ্তর, তথ্য ভবন, ঢাকা (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।

০৭/০১/২০২০

(রোকসানা আক্তার)

উপপরিচালক (প্রশাসন ও অর্থ)

ফোন: ৮৩০০৬৫৫



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট

তথ্য মন্ত্রণালয়

অস্থায়ী কার্যালয়: জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট,

১২৫/এ, দারুস সালাম, এ. ডব্লিউ. চৌধুরী রোড, ঢাকা-১২১৬

ওয়েবসাইট: www.bcti.gov.bd ই-মেইল: bctibd2013@gmail.com

নং- বাচটেই-১৯১/প্রশা/বঙ্গবন্ধু স্মারক গ্রন্থ/২০১৯/ ১৬৪ ৫৪

তারিখ: ০৭ জানুয়ারি ২০২০

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উদযাপন উপলক্ষে বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট বাংলাদেশের গণমাধ্যম বিকাশে বঙ্গবন্ধুর সংশ্লিষ্টতা ও অবদানকে উপজীব্য করে একটি স্মারক গ্রন্থ প্রকাশ করতে যাচ্ছে। আগ্রহী পাঠকগণের নিকট থেকে প্রাসঙ্গিক ছবিসহ বাংলা ও ইংরেজি ভাষায় সংশ্লিষ্ট বিষয়ে বঙ্গবন্ধুর অবদানের মূল্যায়ন, গবেষণা ও স্মৃতিচারণমূলক লেখা আহ্বান করা হচ্ছে। লেখার বিষয় নিম্নরূপ:

- চলচ্চিত্র শিল্পের বিকাশে বঙ্গবন্ধুর অবদান ও ভাবনা
- বাংলাদেশের চলচ্চিত্র সংসদ আন্দোলনে বঙ্গবন্ধুর সংশ্লিষ্টতা
- চলচ্চিত্র শিল্পীদের কল্যাণে বঙ্গবন্ধুর উদ্যোগসমূহের মূল্যায়ন
- বাংলাদেশের টেলিভিশন শিল্পের বিকাশে বঙ্গবন্ধুর উদ্যোগ
- বাংলাদেশ বেতারের সাথে বঙ্গবন্ধুর সংশ্লিষ্টতা, ভাবনা ও অবদান
- স্বাধীন বাংলা বেতার কেন্দ্র ও বঙ্গবন্ধু
- বাংলাদেশের সঙ্গীত জগতে বঙ্গবন্ধুর অবদান ও ভাবনা
- বাংলাদেশের সংবাদপত্রের স্বাধীনতা ও বঙ্গবন্ধু

লেখার শব্দসীমা ৪,০০০টি থেকে ৬,০০০টি। লেখার সাথে যথাযথ গ্রন্থপঞ্জি ও মানসম্মত সাইটেশন পদ্ধতি ব্যবহার করতে হবে। বিজ্ঞপ্তি প্রকাশের এক মাসের মধ্যে রচনা সম্পর্কে একটি ধারনাপত্র প্রেরণ করতে হবে। সম্পাদনা পরিষদ কর্তৃক ধারনাপত্রটি প্রাথমিকভাবে নির্বাচিত হলে সংশ্লিষ্ট লেখকগণকে পরবর্তী দুই মাসের মধ্যে পূর্ণাঙ্গ লেখা জমাদানের জন্য অনুরোধ জানানো হবে। রচনা/প্রবন্ধ সম্পূর্ণ অপ্রকাশিত ও মৌলিক হতে হবে। লেখার হার্ডকপি সরাসরি বিসিটিআই-এর ঠিকানায় এবং সফটকপি (SutonnyMJ ফন্টে) ই-মেইলযোগে (bctibd2013@gmail.com) পাঠাতে অনুরোধ করা হচ্ছে। এজন্য লেখককে নির্ধারিত হারে সম্মানী প্রদান করা হবে এবং লেখা নির্বাচনে সম্পাদনা পরিষদের সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে পরিগণিত হবে।

(ড. মহিউদ্দীন আহমেদ)

প্রধান নির্বাহী (অতিরিক্ত দায়িত্ব)

ও

অতিরিক্ত সচিব (সংযুক্ত), তথ্য মন্ত্রণালয়

ফোন: ৫৫০৭৯৩৪০

যোগাযোগ:

বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট, অস্থায়ী কার্যালয়: জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ১২৫/এ, দারুস সালাম, এ. ডব্লিউ. চৌধুরী রোড, ঢাকা-১২১৬। ফোন: ৫৫০৭৯৩৪৪, ফ্যাক্স: ০২-৫৫০৭৯৩৪৫।